

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫০৭

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৭০. মযী নির্গত হলে উযু করা।

بَابِ الْوُضُوءِ مِنْ الْمَذْي

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ، حَدَّثَنَا مِسْعَرٌ، عَنْ مُصْعَبِ بْنِ شَيْبَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّهُ أَتَى أُبُىَّ بْنَ كَعْبٍ وَمَعَهُ شَيْبَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّهُ أَتَى أُبُىَّ بْنَ كَعْبٍ وَمَعَهُ عُمْرُ فَخَرَجَ عَلَيْهِمَا فَقَالَ إِنِي وَجَدْتُ مَذْيًا فَغَسَلْتُ ذَكَرِي وَتَوَضَّأْتُ . فَقَالَ عُمَرُ أَوَ يُجْزِئُ ذَلِكَ قَالَ نَعَمْ . قَالَ أَسَمِعْتَهُ مِنْ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ نَعَمْ .

বাংলা

8/৫০৭। ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি উমার (রাঃ) কে সাথে করে উবাই ইবনু কাব (রাঃ) এর নিকট এলেন। তিনি তাদের সামনে বেরিয়ে এসে বলেনঃ আমার মযী নির্গত হয়েছিল, তাই আমার লজ্জাস্থান ধৌত করলাম এবং উযূ (ওজু/অজু/অযু) করলাম। উমার(রাঃ) বললেন, তাই কি যথেষ্ট? তিনি বলেন, হ্যাঁ। উমার(রাঃ) বললেন, আপনি কি তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট শুনেছেন? তিনি বলেন, হ্যাঁ।

English

It was narrated from Ibn 'Abbas that:

He came to Ubayy bin Ka'b accompanied by 'Umar. Ubayy came out to them and said: "I noticed some prostatic fluid, so I washed my penis and performed ablution. 'Umar said: "Is that sufficient?" He said: "Yes." He ('Umar) asked: "Did you hear that from the messenger of Allah?" He said: "Yes."

ফুটনোট

তাহকীক আলবানী: যঈফ। উক্ত হাদিসের রাবী মুসআব বিন শায়বাহ কে ইয়াহইয়া বিন মাঈন সিকাহ বললেও আহমাদ বিন হাম্বল বলেন তার থেকে একাধিক মুনকার হাদিস বর্ণিত হয়েছে। আবু হাতিম আর-রাযী বলেন,



তিনি নির্ভরযোগ্য নন। ইমাম নাসাঈ বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। ইমাম দারাকুতনী বলেন, তিনি নির্ভরযোগ্য নয় এবং স্মৃতিশক্তি দুর্বল। ২. আবু হাবীব বিন ইয়ালা বিন মুনইয়াহ সম্পর্কে বলা হয়েছে তিনি অপরিচিত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন